



## ॥ পাশ্চাত্য সঙ্গীতে অবনদ্ধ বাদ্যের স্থান ॥


তালরক্ষার জন্য পাশ্চাত্য দেশে কয়েকপ্রকার বাদ্যযন্ত্র ব্যবহার করা হয়। পাশ্চাত্য সঙ্গীতের পরিভাষায় এইগুলিকে বলা হয় পারকাশান ইনস্ট্রুমেন্ট (Percussion Instruments)। ভারতীয় সঙ্গীতের পরিভাষায় এইগুলিকে ঘন বা অবনদ্ধ শ্রেণীর বাদ্যযন্ত্র বলা যায়। এই বাদ্যগুলির মধ্যে প্রধান হইল—





ঝাঁঝ ( Cymbals )



ট্রায়ান্গলস্ ( Triangles )




সাইড ড্রাম ( Side Drum )




বেস বা বাস-ড্রাম ( Bass-Drum )


ট্যাম্বোরিন ( Tambourine )



কেটল ড্রাম বা টিমপানি ( Kettle Drum or Timpani )



জাইলোফোন ( Xylophone )



টম-টম ( Tom-Tom )

ড্রামগুলি চর্মাচ্ছাদিত হয় বলিয়া অবনদ্ধ শ্রেণীর বাদ্যের পর্যায়ে পড়ে। ট্যাম্বোরিন বাদ্যটিও চর্মাচ্ছাদিত হয়, কিন্তু বৃত্তাকার এই বাদ্যটির পরিধি ঘিরিয়া পিতলের চাকতি লাগান থাকে। এই কারণে ইহাকে একসঙ্গে ঘন এবং অবনদ্ধ শ্রেণীর বাদ্যের পর্যায়ভুক্ত করা যায়। ট্রাম্পলস এবং বীক খাতু নির্মিত বাদ্য।